শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-২০১১।
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-৮৫/৩৭২৬ তারিখঃ ১৮/০৪/২০১৭খ্রিঃ

বিষয় ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে। তাগিদপত্র

সূত্র ঃ নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-৮৫/১৫/৪; তারিখঃ ০৩/০১/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন নাজিমখান মহিলা দাখিল মাদরাসার সুপার মোঃ হারুনুর রশিদ এর স্বাক্ষরিত আবেদন ও কমিটি গঠন সংক্রান্ত কাগজপত্রের ভিত্তিতে গত ২৩/১১/২০১৬খ্রিঃ তারিখে অত্র বোর্ড হতে ম্যানেজিং কমিটির অনুমোদন দেয়া হয়। অপরদিকে সুপারকে অনুপস্থিত দেখিয়ে কমিটি গঠন সংক্রান্ত কাগজপত্র তৈরি করে বোর্ডে দাখিল করা হয়েছে মর্মে সুপার মোঃ হারুনুর রশিদ কর্তৃক একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করা হয় (কপি সংযুক্ত)। অভিযোগের বিষয়ে ইতোপূর্বে অত্র বোর্ড হতে সূত্রে উল্লিখিত স্মারকে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়, কিন্তু অদ্যাবধি কোন প্রতিবেদন পাওয়া যায়নি।

বর্ণিত অবস্থায় অভিযোগ ও মাদরাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ..........(....২....) পাতা।

13/4/17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
রাজারহাট, কুড়িগ্রাম।

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-৮৫/ তারিখঃ /০৪/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি ঃ

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, নাজিমখান মহিলা দাখিল মাদরাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
৪. সুপার, নাজিমখান মহিলা দাখিল মাদরাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪

বিসমিল্লাহির রাহমানির রাহিম

# নাজিম খান মহিলা দাখিল মাদরাসা

স্থাপিতঃ ১৯৮৭ইং
ডাকঘর: নাজিমখান, উপজেলা: রাজারহাট, জেলা: কুড়িগ্রাম।
EIIN No: 122524 মাদরাসা কোড: ১৪৬১৮

স্মারক নং ৬৭ তারিখঃ ৫/১২/২০১৬

বরাবর,
চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**বিষয় ঃ ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনে অনিয়ম ও বিধি বহিভূত ভাবে কমিটি অনুমোদন প্রদান করেন উক্ত কমিটির কার্যক্রম স্থগিত করত বিষয়টি তদন্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন নাজিম খান মহিলা দাখিল মাদরাসা যাহার ফাইল নং কুড়ি/৮৫ উক্ত মাদরাসার ম্যানেজিং কমিটি গঠনের কার্যক্রম শুরু করিলে অভিভাবকের মধ্য হইতে মোঃ নুরুল ইসলাম সহ আরো কয়েকজন অভিভাবক সহকারী জজ আদালত কুড়িগ্রাম রাজারহাট কোর্টে একটি মামলা দায়ের করেন। যাহার মামলা নং- ৭১/২০১৬। বর্তমান যাহা বিচারাধীন রহিয়াছে। তাছাড়া (সদস্য সচিব) সুপার জনাব মোঃ হারুনুর রশিদ সাহেবকে মিটিংয়ে রেজুলেশন বহিতে স্বাক্ষর অনুপস্থিত দেখাইয়া তাহার স্বাক্ষর ছাড়াই এবং দাতা সদস্য শিক্ষক প্রতিনিধি সদস্যদেরকেও রেজুলেশনে অনুপস্থিত দেখানো হইয়াছে। উক্ত কমিটি অনুমোদন বিষয় বোর্ডে কোন প্রকার কাগজপত্র ও আবেদন আমি দাখিল করি নাই। উল্লেখিত বিষয়ে বিগত ০৯/১১/২০১৬ইং তারিখে একখানা আবেদন বোর্ডে করা হইয়াছিল সরকারি বিধি মোতাবেক আবেদনের ফি ১০০০/- (এক হাজার) টাকার জমা দেওয়া হয়। আবেদন করার পর বিগত ২৩/১১/২০১৬ইং তারিখের বোর্ড অনুমোদিত একখানা প্রজ্ঞাপন পাওয়া যায়। আমি কমিটির সভাপতি নির্বাচনের সভা আহবান করি নাই, প্রিজাইডিং অফিসার সভা আহবান করেছেন। যাহা বিধি বর্হিভূত এ বিষয়ে আমাকে অবগত করা হয় নাই। রেজুলেশন বহিতে আমার স্বাক্ষর নাই। তাছাড়া মাদরাসার অফিসে কোন মিটিং আহবান করা হয় নাই। বিষয়গুলো মহোদয়ের দৃষ্টি আকর্ষন করিতেছি।

অতএব, জনাবের নিকট আবেদন অনুগ্রহপূর্বক বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করত: কাগজপত্র যাচাই করে ২৩/১১/২০১৬ইং তারিখের প্রজ্ঞাপনের আদেশ স্থগিত করতঃ বিষয়টি তদন্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মহোদয়ের সমীপে সদয় কামনা করি।

সংযুক্তিঃ
১. ৯/১১/২০১৬ইং তারিখের আবেদন।
২. ১০০০/- টাকা জমা রশিদের ফটোকপি।
৩. ২৩/১১/২০১৬ইং তারিখের প্রজ্ঞাপন।
৪. ২০/১১/২০১৬ইং রেজুলেশনের ফটোকপি।

নিবেদক

৫/১২/২০১৬
(মোঃ হারুনুর রশিদ)
সুপারিনটেনডেন্ট
নাজিম খান মহিলা দাখিল মাদরাসা
রাজাহাট, কুড়িগ্রাম।

মোঃ হারুনুর রশিদ
সুপারিনটেনডেন্ট
নাজিমখান মহিলা দাঃ মাদ্রাসা
রাজারহাট, কুড়িগ্রাম
কোড নং-১৪৬১৮

01714551249

ডাকঘরঃ নাজিম খান, উপজেলাঃ রাজারহাট, জেলা- কুড়িগ্রাম
মাদরাসা কোড- ১৪৬১৮, EIIN- 122524

স্মারক নং ঃ তারিখঃ ০৯/১১/২০১৬

বরাবর,

রেজিষ্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয়ঃ ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন নাজিম খান মহিলা দাখিল মাদরাসা যাহার ফাইল নং-কুড়ি/৮৫ উক্ত মাদরাসার ম্যানেজিং কমিটি গঠনের কার্যক্রম শুরু করিলে ছাত্রী অভিভাবকের মধ্য হইতে মোঃ নুরুল ইসলাম সহ আরো কয়েকজন অভিভাবক মিলে সহকারী জজ আদালত কুড়িগাম কোর্টে একটি মামলা দায়ের করেন যাহার মামলা নং- ৭১/২০১৬। বর্তমান যাহা বিচারাধীন রহিয়াছে। তাছাড়া (সদস্য সচিব) সুপার জনাব হারুন্নুর রশিদ সাহেবের অনুপস্থিত দেখাইয়া তাহার স্বাক্ষর ছাড়াই কমিটি গঠনের জন্য কাগজপত্র বোর্ডে দাখিল করিয়াছেন। তাই মামলাটি নিস্পত্তি না হওয়া পর্যন্ত যাতে ম্যানেজিং কমিটি গঠন না হয়। সেজন্য মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করতেছি।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন অনুগ্রহ পূর্বক বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করতঃ কাগজ পত্র যাচাই করে মামলা নিস্পত্তি না হওয়া পর্যন্ত যাতে করে কমিটি গঠন না হয় মহোদয়ের সমীপে সদয় কামনা করি।

নিবেদক

মোঃ হারুন্নুর রশিদ
সুপারিনটেনডেন্ট
নাজিম খান মহিলা দাখিল মাদরাসা
রাজারহাট, কুড়িগ্রাম।

সংযুক্তিঃ
১. মামলার কপি। ০৭